

🗏 মারইয়াম | Maryam | مُرْيَم

আয়াতঃ ১৯ : ৯৩

💵 আরবি মূল আয়াত:

إِن كُلُّ مَن فِي السَّمٰوٰتِ وَ الأرضِ إِلَّا أَتِي الرَّحمٰنِ عَبِدًا ﴿ ٩٣٠﴾

△ ব অনুবাদসমূহ:

আসমান ও যমীনে এমন কেউ নেই, যে বান্দা হিসেবে পরম করুণাময়ের কাছে হাযির হবে না। — আল-বায়ান আকাশ আর যমীনে এমন কেউ নেই যে, দয়াময়ের নিকট বান্দাহ হয়ে হাযির হবে না। — তাইসিরুল আকাশসমূহ ও পৃথিবীতে এমন কেহ নেই যে দয়াময়ের নিকট উপস্থিত হবেনা বান্দা রূপে। — মুজিবুর রহমান There is no one in the heavens and earth but that he comes to the Most Merciful as a servant. — Sahih International

৯৩. আসমানসমূহ ও যমীনে এমন কেউ নেই, যে দয়াময়ের কাছে বান্দারূপে উপস্থিত হবে না।

তাফসীরে জাকারিয়া

- (৯৩) আকাশমন্তলী ও পৃথিবীতে এমন কেউ নেই, যে পরম দয়াময়ের নিকট দাসরূপে উপস্থিত হবে না।
 - [1] যখন সবাই আল্লাহর দাস ও অসহায় বান্দা, তখন তাঁর সন্তানের প্রয়োজন কি? আর সন্তান গ্রহণ করা আল্লাহর জন্য শোভনীয়ও নয়।

তাফসীরে আহসানুল বায়ান

• Source — https://www.hadithbd.com/quran/link/?id=2343

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন